

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট এর সিটিজেন চার্টার
সেবা গ্রহিতা যে সকল সেবা পাওয়ার অধিকার সংরক্ষণ করেন

- ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত নারী পুরুষ, বৃদ্ধ-যুবক- শিশু সকলকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা গ্রহন করা হয়।
- ২। দিবা রাত্রী ২৪ ঘন্টা জরুরী বিভাগ খোলা থাকে এবং আগত রোগীদের জরুরী চিকিৎসা সেবা প্রদান করা হয়।
- ৩। ডায়রিয়া রোগীদের জন্য ওআরটি কর্নার চালু আছে।
- ৪। হাসপাতালে আগত ও ভর্তি রোগীদের প্রয়োজনীয় প্যাথলজি পরীক্ষা ও এক্সরে করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৫। দিবা রাত্রী ২৪ ঘন্টা ই ও সি সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হয়।
- ৬। ভর্তি রোগীদের বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে মেডিসিন চিকিৎসা সহ জেনারেল সার্জারি ও গাইনী মেজর ও মাইনর অপারেশন করা হয়(প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৭। জাতীয় যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রন কার্যক্রমের আওতায় যক্ষ্মা রোগীদের কফ পরীক্ষার জন্য কফ কালেকশন করা হয়। এবং যক্ষ্মা ও কুষ্ঠ রোগীদের বিনা মূল্যে ঔষধ সরবরাহ করা হয়।
- ৮। ইপিআই কার্যক্রমের আওতায় প্রতিদিন মা ও শিশুদের প্রতিশোধক টিকা দেওয়া হয়।
- ৯। আগত রোগীদের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয়।
- ১০। নারী বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১১। শিশু বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১২। স্কিল বার্থ এটেনডেন্টদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।
- ১৩। আগত কিশোর-কিশোরী ও সক্ষম দম্পতিদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনা করা হয়।
- ১৪। আগত রোগীদের মধ্যে দেশীয় ভেষজ চিকিৎসাকে জনপ্রিয় করার লক্ষ্যে ভেষজ চিকিৎসা ও প্রদান করা হয়।
- ১৫। বিভিন্ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে রেফার্ডকৃত রোগীদের গুরুত্বসহকারে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। এবং প্রয়োজন বোধে কোন কোন রোগীকে জেলা হাসপাতালে রেফার করা হয়।
- ১৬। সরবরাহ সাপেক্ষে ঔষধসমূহ সেবাকেন্দ্র হতে বিনা মূল্যে প্রদান করা হয়। তবে চিকিৎসার প্রয়োজনে কোন কোন ঔষধ কেন্দ্রের বাহির হতে সেবা গ্রহিতাকে ক্রয় করতে হতে পারে।
- ১৭। বিভিন্ন ওয়ার্ড বিভাগে মজুদ ঔষধের তালিকা, প্রদানকৃত সেবাসমূহের তালিকা, সেবা প্রদানকারী চিকিৎসকের তালিকা টানানো আছে।

সেবা গ্রহিতার কর্তব্য

সেবা প্রদানকারীগণ সেবা গ্রহীতার নিকট হতে সৌজন্যমূলক আচরন প্রাপ্তির অধিকার রাখেন।